গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও শুদ্ধাচার শাখা
সমন্বয় ও এমআইএস সেক্টর
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

স্মারক নং-২১.০০.০০০০.০৫৫.০৫.০০৬.২৩-১৮৮

তারিখ: ১৩ পৌষ ১৪৩০ / ২৮ ডিসেম্বর ২০২৩

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ এর কার্যক্রম [৩.৪] "সেক্টর সংশ্লিষ্ট গবেষণা" সংক্রান্ত সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কার্যক্রম [৩.৪] "সেক্টর সংশ্লিষ্ট গবেষণা" সংক্রান্ত সমন্বয় গত ২০ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১০.৪৫ ঘটিকায় এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

২৮/১২/২৩

(মুহাম্মদ মিজানুর রহমান সরকার)
পরিচালক (উপসচিব)
ও
এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা
ফোন: ৪৮১১৭২০৭

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩। প্রধান/মহাপরিচালক (সকল), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪। যুগ্মসচিব, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)**।
২। সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
৩। অফিস কপি।

-১৪৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও শুদ্ধাচার শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

বিষয় ২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ এর কার্যক্রম [৩.৪] "সেক্টর সংশ্লিষ্ট গবেষণা" সংক্রান্ত সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	আবুল কাশেম মোঃ মহিউদ্দিন সচিব, আইএমইডি
তারিখ	:	২০ ডিসেম্বর ২০২৩ খ্রি:
সভার সময়	:	সকাল ১০:৪৫ ঘটিকা
সভার স্থান	:	আইএমইডি'র সম্মেলন কক্ষ (ভবন-১২, কক্ষ নং-৩২-৩৩)
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি এ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক [৩.৪] "সেক্টর সংশ্লিষ্ট গবেষণা" সংক্রান্ত বিস্তারিত আলোচনা করার জন্য এ বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুমতি প্রদান করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা (পরিচালক) উপসচিব, জনাব মুহাম্মদ মিজানুর রহমান সরকার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর সেক্টর সংশ্লিষ্ট গবেষণা সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বিভিন্ন প্রস্তবনা উপস্থাপন করেন। নিম্নোক্তভাবে একটি গবেষণা পর্ষদ গঠন করা যায়:

গবেষণা পর্ষদ গঠন:

কর্মকর্তা	গবেষণা পর্ষদে অবস্থান/পদবী
সচিব, আইএমইডি	প্রধান উপদেষ্টা
সংশ্লিষ্ট সেক্টরের মহাপরিচালক	উপদেষ্টা
পরিচালক-১/২/৩ (ডিজি কর্তৃক মনোনীত)	গবেষক
সংশ্লিষ্ট ডেস্ক অফিসার (ডিজি কর্তৃক মনোনীত)	তথ্য সংগ্রহ ও তথ্য প্রক্রিয়াকরণ

২। পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩ তার আওতাধীন বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এর মাঝে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) নিয়ে গবেষণা করা যেতে পারে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর গবেষণার বিষয়বস্তু, উদ্দেশ্য, নির্দেশক নিম্নরূপ:

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)

গবেষণার বিষয়বস্তু: গ্রামীণ জনপদের যোগাযোগ ব্যবস্থা, অবকাঠামো নির্মাণ এবং জনগোষ্ঠীর আর্থসামাজিক অবস্থার উন্নয়ন	
গবেষণার উদ্দেশ্য	**নির্দেশক**
১। গ্রামীণ জনপদের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন	১। রাস্তাঘাট নির্মাণ ও সংস্কার, ব্রিজ কালর্ভাট নির্মাণ ও সংস্কার
২। গ্রামীণ জনপদের অবকাঠামোগত উন্নয়ন	২। হাট বাজার, গ্রোথ সেন্টার, প্রাথমিক বিদ্যালয়, ইউনিয়ন পরিষদ, সাইক্লোন সেন্টার/আশ্রয়কেন্দ্র ইত্যাদি অবকাঠামো নির্মাণ ও সংস্কার
৩। গ্রামীণ জনগোষ্ঠীর আর্থসামাজিক অবস্থার উন্নয়ন	৩। সুবিধাভোগী বিশ্লেষণ

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য:

পূর্ব পৃষ্ঠা পর:

৩। পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪ তার আওতাধীন বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এর মাঝে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) নিয়ে গবেষণা করা যেতে পারে। কৃষি মন্ত্রণালয় এর গবেষণার বিষয়বস্তু, উদ্দেশ্য, নির্দেশক নিম্নরূপ:

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪: কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

গবেষণার বিষয়বস্তু: কৃষি উৎপাদন, কৃষি বিপনন এবং কৃষি আধুনিকায়ন ব্যবস্থার উন্নয়ন	
গবেষণার উদ্দেশ্য	**নির্দেশক**
১। কৃষি উৎপাদন ব্যবস্থার উন্নয়ন	১। ভর্তুকিঃ শস্য বীজ, সার। প্রশিক্ষণ, প্রর্দশনী খামার, সেচ ব্যবস্থা ইত্যাদি।
২। কৃষি বিপনন ব্যবস্থার উন্নয়ন	২। উৎপাদন ব্যবস্থার সাথে বিপনন ব্যবস্থার চেইন তৈরি, ফসল গুদামজাতকরণ ও প্রসেসিং, প্রশিক্ষণ, যন্ত্রপাতি সরবরাহ।
৩। কৃষি আধুনিকায়ন	৩। কৃষিতে প্রযুক্তির ব্যবহার, কৃষি যন্ত্রপাতির ব্যবহার ও প্রশিক্ষণ, যন্ত্রপাতি প্রদান (ভর্তুকি)।

গবেষণা ফরম্যাট: আইএমইডি'র সমীক্ষা প্রতিবেদন এর অনুরূপ। এতদসংক্রান্ত চলমান প্রকল্প পরিবীক্ষণ প্রতিবেদন এবং সমাপ্ত প্রকল্পসমূহের পিসিআর মূল্যায়ন প্রতিবেদন।

জাতীয় অংশীজন কনসাল্টেশন কর্মশালা: জাতীয় অংশীজন কর্মশালায় প্রধান অতিথি হিসেবে সচিব, আইএমইডি থাকবেন। সভাপতি হিসেবে সংশ্লিষ্ট সেক্টর মহাপরিচালক, সদস্য হিসেবে অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার, সকল সেক্টরের মহাপরিচালকবৃন্দ, যুগ্মসচিব (সমন্বয়), এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট সেক্টরের সকল কর্মকর্তা ও এপিএ শাখার সকল কর্মকর্তা/কর্মচারী, বিপিপিএ এর প্রতিনিধি, সংশ্লিষ্ট গবেষকঃ র‍্যাপোটিয়ার (সেক্টর মহাপরিচালক কর্তৃক মনোনীত) হিসেবে থাকবেন। বহিঃসদস্য হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর প্রতিনিধি, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিনিধি, পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/উইং এর প্রতিনিধি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এর প্রতিনিধি, অর্থ বিভাগের প্রতিনিধি থাকবেন।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের বাজেটে গবেষণা খাত সংক্রান্ত কোন অর্থনৈতিক কোড ও অর্থ বরাদ্দ নাই। এপিএ কার্যক্রম একটি বাৎসরিক চলমান কার্যক্রম। গবেষণা কার্যক্রম প্রতিবছরই চলমান থাকবে। সেই অনুসারে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের বাজেটে গবেষণা খাত নামে একটি অর্থনৈতিক কোড খোলা ও অর্থ বরাদ্দ চাওয়া যেতে পারে। অর্থনৈতিক কোড খোলা ও অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করবে বাজেট শাখা।

০৩। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

(ক) ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির [৩.৪] "সেক্টর সংশ্লিষ্ট গবেষণা" আগামী মে, ২০২৪ এর মধ্যে সম্পাদন করার গৃহীত ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) গবেষণা পর্ষদ গঠনের জন্য একটি অফিস আদেশ জারি করতে হবে; এবং

(গ) অর্থনৈতিক কোড খোলা ও অর্থ বরাদ্দের জন্য অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণে বাজেট শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৪। পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবুল কাশেম মোঃ মহিউদ্দিন)
সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ